# আকাশবাণী শিলচর

## REGIONAL NEWS UNIT – SILCHAR

## EVENING NEWS BULLETIN

## BENGALI

**20 AUGUST 2025** **7:45—7:55 PM**

---

১) এন ডি এর উপরাষ্ট্রপতি পদপ্রার্থী সি পি রাধাকৃষ্ণণের আজ মনোনয়নপত্র দাখিল ।

২) গৌহাটীতে ভারতীয় ব্যবস্থাপনা প্রতিষ্ঠান (আই আই এম ) স্থাপনের পথ প্রশস্ত করে ভারতীয় ব্যবস্থাপনা সংশোধনী বিল-২০২৫ এর প্রতি সংসদের অনুমোদন ।

৩) টাডা মামলায় অভিযুক্ত ৩৮জন আলফা সদস্যকে গৌহাটীর বিশেষ টাডা আদালতের নির্দোষ ঘোষণা । এবং

৪) শিক্ষামন্ত্রী ডা: রণোজ পেগুর আজ জেলা আয়ুক্ত ,অতিরিক্ত আয়ুক্ত ,বিদ্যালয় পরিদর্শক এবং কলেজের অধ্যক্ষদের সঙ্গে ভার্চুয়াল ব্যাবস্থার মাধ্যমে নব ভারত সাক্ষরতা কার্যসূচী উল্লাস সম্পর্কে আলোচনা ।

---

ভারতীয় ব্যবস্থাপনা প্রতিষ্ঠান সংশোধনী বিল ২০২৫ আজ রাজ্যসভায় গৃহীত হয়েছে । এর সঙ্গে সঙ্গে বিলটি সংসদের উভয় সভার অনুমোদন লাভ করে ।বিলটি সম্পর্কে বিতর্কের উত্তর দিয়ে কেন্দ্রীয় শিক্ষামন্ত্রী ধর্মেন্দ্র প্রধান বলেন যে নতুন প্রতিষ্ঠান স্থাপন করতে এবং দেশের সব প্রান্তের শিক্ষার্থীকে সুযোগ দিতে নরেন্দ্র মোদী সরকার প্রতিশ্রুতিবদ্ধ ।তিনি বলেন যে এই আইনটির মাধ্যমে ২০১৭ সালের ভারতীয় ব্যবস্থাপনা প্রতিষ্ঠান আইনটি সংশোধন করা হবে । এই আইনের মাধ্যমে উত্তরপূর্বাঞ্চলের গুরুত্বপূর্ণ কেন্দ্র গুয়াহাটীতে ভারতীয় ব্যবস্থাপনা প্রতিষ্ঠান আই আই এম স্থাপন করার পথ প্রশস্ত হবে ।তিনি বলেন যে এই আইনের অধীনে আই আই এম গুয়াহাটী ৫৫৫ কোটি টাকা লাভ করবে এবং চলতি শিক্ষাবর্ষে প্রতিষ্ঠানটিতে ভর্তি প্রক্রিয়া আরম্ভ হবে ।শ্রী প্রধান বলেন ----

বাইট

এদিকে মুখ্যমন্ত্রী ডঃ হিমন্ত বিশ্বশর্মা ভারতীয় ব্যবস্থাপনা সংশোধনী বিল ২০২৫ রাজ্যসভায় গৃহীত হওয়া রাজ্যের জন্য ঐতিহাসিক দিন বলে মন্তব্য করেন ।মুখ্যমন্ত্রী সামাজিক মাধ্যমে এক বার্তায় বলেন যে এর ফলে পলাশবারীতে রাজ্যের প্রথম আই আই এম স্থাপনের পথ প্রশস্ত হয়েছে ।প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদী , কেন্দ্রীয় স্বরাষ্ট্রমন্ত্রী অমিত শাহ এবং শিক্ষা মন্ত্রী ধর্মেন্দ্র প্রধানের প্রচেষ্টার জন্য এটি সম্ভব হয়েছে বলে তিনি জানান ।

------------------------------------------------------------------------------------------------

এন ডি এ’র উপরাষ্ট্রপতি পদপ্রার্থী সি পি রাধাকৃষ্ণন আজ সংসদভবনে মনোনয়নপত্র দাখিল করেন ।প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদী , কেন্দ্রীয় স্বরাষ্ট্রমন্ত্রী অমিত শাহ , প্রতিরক্ষা মন্ত্রী রাজনাথ সিং , বিজেপির জাতীয় সভাপতি জেপি নাড্ডা সহ এন ডি এ মিত্রজোটের বেশ কয়েকজন প্রবীণ নেতা মনোনয়নপত্র দাখিল করার সময় উপস্থিত ছিলেন ।

এদিকে উপরাষ্ট্রপতি নির্বাচনের জন্য বিরোধী দলগুলি অন্ধ্রপ্রদেশের বি সুদর্শন রেড্ডীকে প্রার্থী হিসেবে মনোনীত করেছে । গতকাল বিরোধী মিত্রজোটের এক বৈঠকের পর কংগ্রেস সভাপতি মল্লিকার্জুন খারগে এবং বিরোধী মিত্রজোটের অন্যতম নেতা শরদ পাওয়ার এক সাংবাদিক সম্মেলনে উপরাষ্ট্রপতি পদের প্রার্থী হিসেবে সুপ্রীম কোর্টের প্রাক্তন বিচারপতি বি সুদর্শন রেড্ডীর নাম ঘোষণা করেন । আগামী ৯ সেপ্টেম্বর উপরাষ্ট্রপতি পদের নির্বাচন অনুষ্ঠিত হবে । আগামীকাল মনোনয়নপত্র দাখিলের অন্তিম দিন , ২২ শে আগষ্ট মনোনয়নপত্র পরীক্ষা করা হবে এবং ২৫ শে আগষ্ট মনোনয়নপত্র প্রত্যাহারের অন্তিম দিন ধার্য করা হয়েছে ।

------------------------------------------------------------------------------------------------

গুয়াহাটীর টাডা আদালত টাডা মামলায় অভিযুক্ত ৩৮ জন আলফা সদস্যকে নির্দোষ ঘোষণা করেছে । ১৯৯১ সালের দিসপুর পুলিশ থানায় পঞ্জীয়ন করা মামলা পরবর্তী পর্যায়ে ২০০১ সালে সন্ত্রাসবাদ ও ধ্বংসাত্মক কার্যকলাপ প্রতিরোধ আইন (টাডা )’র অধীনে পঞ্জীয়ন করা হয় এবং আলফার সভাপতি অরবিন্দ রাজখোয়া , সেনাধ্যক্ষ পরেশ বরুয়া সহ মোট ৪৫ জনের বিরুদ্ধে মামলা চালানো হয় । সুদীর্ঘ ৩৫ বৎসর ধরে চলা এই মামলার বিচারের পর আদালত এদের মধ্যে ৩৮ জনকে নির্দোষ বলে ঘোষণা করে ।এর মধ্যে আলফা নেতা অরবিন্দ রাজখোয়া , অনুপ চেতিয়া , শশধর চৌধুরী রয়েছে । এদিকে স্বাধীনপন্থী আলফার সেনাধ্যক্ষ পরেশ বরুয়া এবং তার তিন সহযোগীকে আদালত পলাতক বলে ঘোষণা করেছে ।

--------------------------------------------------------------------------------

শিক্ষামন্ত্রী ডা: রণোজ পেগু আজ জনতা ভবন থেকে জেলা আয়ুক্ত ,অতিরিক্ত আয়ুক্ত ,বিদ্যালয় পরিদর্শক এবং কলেজের অধ্যক্ষদের সঙ্গে ভার্চুয়াল ব্যাবস্থার মাধ্যমে নব ভারত সাক্ষরতা কার্যসূচী উল্লাস সম্পর্কে আলোচনা করেন । বৈঠকে শিক্ষামন্ত্রী প্রত্যেক জেলায় এই প্রকল্পের অধীনে চলা কার্যসূচীর পর্যালোচনা সহ আসন্ন পরীক্ষার প্রস্তুতির জন্য জেলা প্রশাসন ও অধ্যক্ষদের যাবতীয় নির্দেশ দেন । শিক্ষা লাভ থেকে বঞ্চিত দেশের ১৫ বছরেরও অধিক বয়সের সব প্রাপ্তবয়স্ক লোককে সাক্ষরতামূলক কার্যসূচীর মাধ্যমে সবল করে দেশের উন্নয়নে উৎসাহ প্রদান করতে সক্ষম করে তোলার উদ্দেশ্যে এই প্রকল্প রূপায়ন করা হয়েছে । এর অধীনে লেখাপড়া সহ জীবনের কৌশল সম্পর্কে শিক্ষাদানের প্রতি উৎসাহিত করা হয় ।

--------------------------------------------------------------------------------

ডিমা হাসাও জেলায় জনসাধারনের নিরাপত্তার স্বার্থে উত্তর কাছাড় স্বশাসিত পার্বত্য পরিষদ , হাফলং পৌরসভা এবং জেলা পুলিশ প্রশাসনের যৌথ উদ্যোগে শহরের পর্যটক স্থলগুলিতে সি সি টিভি ক্যামেরা লাগানো হয়েছে । আমাদের সংবাদদাতা জানিয়েছেন যে হাফলং শহরে প্রায় ৩০টি উচ্চ-মান সম্পন্ন সি সি টিভি ক্যামেরা লাগানো হয়েছে ।

--------------------------------------------------------------------------------

হাইলাকান্দি জেলা আইন সেবা কর্তৃপক্ষের উদ্যোগে এবং শ্রীকিষাণ সারদা কলেজ ও রোটারী ক্লাব হাইলাকান্দির যৌথ সহযোগীতায় আজ # সাইবার আইন , সাইবার অপরাধ প্রতিরোধ এবং ডিজিটেল সুরক্ষা # শীর্ষক এক সচেতনামূলক সভার আয়োজন করা হয় । শ্রীকিষাণ সারদা কলেজে ছাত্র ছাত্রীদের জন্য আয়োজিত এই সভায় কলেজের অধ্যক্ষ রতন কুমার ,জেলা পুলিশ বিভাগের শীর্ষ আধিকারিক,ব্যাঙ্ক কর্তৃপক্ষ সহ বিশিষ্ট ব্যাক্তিরা উপস্থিত ছিলেন । জেলা আইন সেবা কর্তৃপক্ষ হাইলাকান্দির পক্ষ থেকে আইনজীবি কামাল উদ্দিন লস্কর আমাদের হাইলাকান্দির সংবাদদাতাকে এ বিষয়ে জানান-----

--------------------------------------------------------------------------------

শ্রীভূমি জেলা স্বাস্থ্য সমিতির উদ্যোগে আজ জেলায় বিভিন্ন কার্যসূচীর মধ্য দিয়ে বিশ্ব মশা দিবস পালন করা হয়েছে । এ উপলক্ষ্যে আজ সকালে করিমগঞ্জ সিভিল হাসপাতাল প্রাঙ্গন থেকে একটি সচেতনতা র‍্যালী বের হয়ে শহর পরিক্রমা করে । র‍্যালীতে স্বাস্থ্য কর্মী ,আশা কর্মী ও এ এন এম নার্সরা অংশগ্রহন করেন । র‍্যালীর মাধ্যমে ম্যালেরিয়া , ডেঙ্গু , চিকুনগুনিয়া , জাপানী এনকেফেলাইটিস প্রতিরোধের বার্তা

ছড়িয়ে দেওয়া হয় । পাশাপাশি বাড়ি বাড়ি গিয়ে স্বাস্থ্য সচেতনতা , অ্যান্টি লার্ভাল স্প্রে ,মশার প্রজনন স্থল নষ্টকরা ও পি আর আই সদস্যদের সঙ্গে বৈঠক অনুষ্ঠিত হয়েছে ।

---------------------------------------------------------------------------------------

কাছাড় পুলিশ শিলচর রামনগরে তেল চুরি চক্রের বিরুদ্ধে গতকাল গভীর রাতে বিশেষ অভিযান চালিয়ে ১৩ হাজার লিটার ডিজেল সহ একটি টেংকার বাহন বাজেয়াপ্ত করা হয় এবং ঘটনার সঙ্গে যুক্ত থাকার অপরাধে পুলিশ শিলচরের বাসিন্দা সাহেল আহমেদ লস্কর ও হাইলাকান্দির বাসিন্দা স্বপন দাসকে আটক করেছে ।

---------------------------------------------------------------------------------------

কাছাড়ের জেলা সৈনিক কল্যান আধিকারীক এক বিজ্ঞপ্তীতে জেলা প্রাক্তন সৈনিক ও তাদের পরিবারের সদস্যরা যারা এখনো নিজেদের পরিচয় পত্র তৈরী করেন নি , তাদের শিলচর সৈনিক কল্যান আধিকারীকের কার্যালয়ে এসে নাম পঞ্জীয়ন করার আহ্বান জানিয়েছেন ।

---------------------------------------------------------------------------------------

বরাক ভ্যালী জনস্বাস্থ্য কারিগরী ঠিকাদার সংস্থার পক্ষ থেকে জল জীবন মিশনের বকেয়া বিল পরিশোধের দাবীতে আজ শিলচর জনস্বাস্থ্য কারিগরী সংমন্ডল ১ এবং সংমন্ডল-২ এর কার্যালয়ের সামনে এক ঘন্টার বিক্ষোভ কার্য্যসূচী পালন করা হয়েছে । বিক্ষোভ কার্যসূচীতে সংস্থার সভাপতি প্রণব কুমার রায় , কার্যবাহী সভাপতি জুনাইদ আহমেদ মজুমদার , সম্পাদক পান্না আচার্য্য বক্তব্য রাখেন । পরে সংস্থার পক্ষ থেকে বকেয়া বিল পরিশোধের দাবী জানিয়ে জনস্বাস্থ্য ও কারিগরী বিভাগের কার্যবাহী বাস্তুকারের মাধ্যমে রাজ্যের মূখ্যমন্ত্রী ডক্টর হিমন্ত বিশ্ব শর্মার উদ্দেশ্যে একটি স্মারক পত্র পাঠানো হয়েছে ।

---------------------------------------------------------------------------------------

লায়ন্স ক্লাব অব শিলচর সেন্ট্রালের উদ্যোগে এবং ক্লাব অনন্যা সোসিয়েল এন্ড কালচারেল অর্গেনাইজেশনের ব্যবস্থাপনায় আগামীকাল শিলচর কাঠাল রোডের চন্দ্রপুর বেসিক এল পি স্কুলে বিনামূল্যে চক্ষু পরীক্ষা শিবির অনুষ্ঠিত হবে । শিবির সকাল ১০টায় শুরু হবে ।

---------------------------------------------------------------------------------------

ধলাই-র বেসরকারী স্বেচ্ছাসেবী সংগঠন মাতৃভূমির উদ্যোগে আয়োজিত মাতৃভূমি কাপ প্রাইজমানী ফুটবল প্রতিযোগীতার আজকের খেলায় ইন্ডিয়ান এফ সি
৪-১ গোলের ব্যবধানে বাম রামপুর এফ সি-কে পরাজিত করেছে ।

বাম নিত্যানন্দ উচ্চতর মাধ্যমিক বহুমূখী বিদ্যালয়ের খেলার মাঠে আয়োজিত প্রতিযোগীতার আগামীকালের খেলায় লোকনাথপুর ইয়ংস্টার এফ সি // ভি এস এম জয়নগর দলের মূখোমূখি হবে ।

-----------------------------------------------------------------------------------